


Public Relations Office  
University of Dhaka  
Dhaka-1000, Bangladesh  
Phone: 55167719  
Fax: 880-2-55167810  
E-mail: [publicrelations@du.ac.bd](mailto:publicrelations@du.ac.bd)



জনসংযোগ অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা- ১০০০, বাংলাদেশ  
ফোন : ৫৫১৬৭৭১৯

জস/২৩০/২০২২-২৩

১৭ কার্তিক ১৪২৯  
০২ নভেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি  
ঢাবি-এ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের  
জন্য অ্যাকাউন্টস্ ড্যাশবোর্ড চালু


ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আর্থিক হিসাব ডিজিটলাইজড করার অংশ হিসেবে স্বতন্ত্র অ্যাকাউন্টস্ ড্যাশবোর্ড চালু করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আজ ০২ নভেম্বর ২০২২ বুধবার অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভারুয়াল ক্লাশরুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ড্যাশবোর্ড উদ্বোধন করেন।

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ লগ-ইন করে নিজ নিজ অ্যাকাউন্টস্ ড্যাশবোর্ড থেকে তাদের বেতন, ইনকাম ট্যাক্স, প্রভিডেন্ট ফান্ড, পরীক্ষার বিলসহ বিভিন্ন তথ্য দেখতে পারবেন। এজন্য প্রয়োজনীয় তথ্য দিয়ে প্রত্যেককেই নিবন্ধন করতে হবে। এক্ষেত্রে সকলের ই-টিন সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [du.ac.bd](http://du.ac.bd)-এ অ্যাকাউন্টস্ ড্যাশবোর্ড-এর বিস্তারিত নির্দেশনা ও তথ্য পাওয়া যাবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অ্যাকাউন্টস্ ড্যাশবোর্ড উদ্বোধন করে বলেন, এটি বিশ্ববিদ্যালয়ের দীর্ঘদিনের একটি চাহিদা ছিল। এর মাধ্যমে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এখন থেকে খুব সহজেই বিশ্ববিদ্যালয় থেকে তাদের আয়-ব্যয় সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে পারবেন। তিনি এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, এর ফলে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক ব্যবস্থাপনায় গতিশীলতা আসবে এবং সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সাইফুদ্দিন মো. তারিক উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ পরিচালিত DU-AIS Project-এর মাধ্যমে এই ড্যাশবোর্ড কার্যক্রম সম্পন্ন করা হয়।

  
০২-১১-২২  
(মাহমুদ আলম)  
পরিচালক  
জনসংযোগ দফতর  
ঢাকা বিশ্ববিদ্যালয়

ক্যাপশন:

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আর্থিক হিসাব ডিজিটলাইজড করার লক্ষ্যে স্বতন্ত্র অ্যাকাউন্টস্ ড্যাশবোর্ড চালু করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আজ ০২ নভেম্বর ২০২২ বুধবার অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভারুয়াল ক্লাশরুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ড্যাশবোর্ড উদ্বোধন করেন। (ছবি: ঢাবি জনসংযোগ)